

যুগান্তর

শেকুবিতে গবেষণা কর্মশালা

বাংলাদেশে দরকার বাস্তবসম্মত ও প্রায়োগিক গবেষণা

প্রকাশ : ২৪ এপ্রিল ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 শেকুবি প্রতিনিধি



নগরীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর পর্যায়ে গবেষণামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের মেডিসিন অ্যান্ড পাবলিক হেলথ বিভাগের উদ্যোগে শেখ কামাল ভবনের এএসভিএম সেমিনার গ্যালারিতে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

পোস্ট গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদের ডিন প্রফেসর ড. পরিমল কান্তি বিশ্বাসের সভাপতিত্বে ও মেডিসিন অ্যান্ড পাবলিক হেলথ বিভাগের চেয়ারম্যান ড. কেবিএম সাইফুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. কামাল উদ্দিন আহম্মদ। বিশেষ অতিথির বক্তব্য রাখেন পো-ভিসি প্রফেসর ড. মো. সেকেন্দার আলী, কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল হক বেগ ও এনিম্যাল সাইন্স অ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের ডিন প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম। এছাড়া সম্মানিত অতিথি ছিলেন টেফিনেট-সিডিসি আটলান্টার বাংলাদেশে নিযুক্ত ওয়ান হেলথ ফোকাল পয়েন্ট ড. একেএম মাহবুবুল হক।

কর্মশালার শুরুতে কেবিএম সাইফুল ইসলাম বিভাগীয় গবেষণার সক্ষমতা এবং জাতীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে মেডিসিন অ্যান্ড পাবলিক হেলথ বিভাগের ব্যাপ্তি ও সংশ্লিষ্টতা উপস্থাপন করেন।

তিনি জানান, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এনিম্যাল সাইন্স অ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ ২০১১ সালে প্রতিষ্ঠিত হয়। এ অনুষদের মেডিসিন অ্যান্ড পাবলিক হেলথ বিভাগ ২০১৩ সালের মে মাসে যাত্রা শুরু করে।

সূচনালগ্ন থেকেই বিভাগটি জাতীয় ও আন্তর্জাতিক সংস্থাসহ বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতার ভিত্তিতে শিক্ষা, গবেষণামূলক কর্মকাণ্ড পরিচালনা করে আসছে।

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও-ইউএন), ইউএসএইড, রিলিফ ইন্টারন্যাশনাল-ইউকে, আইইউসিএনসহ বিশ্বের ২য় প্রাচীন ভেটেরিনারি শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান ফ্রান্সের এনভান্তার সঙ্গে বিভাগটি সফলভাবে কাজ করে আসছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।